


উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, সিলেট সদর, সিলেট এর জুলাই, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : নাছরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।
তারিখ ও সময় : ১০/০৭/২০২৩ সকাল ১২.৩০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সিলেট সদর
সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। কোন সংশোধনী না থাকায় অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	<p>সভায় জঙ্গীদের কঠোর হাতে দমনের প্রত্যয় ব্যক্ত করা হয়। সভাপতি প্রত্যেককে নিজ নিজ প্রতিবেশীর খোজখবর রাখার এবং অভিভাবকদের নিজেদের সন্তানদের চালচলের খোজখবর রাখার পরামর্শ প্রদান করেন। জঙ্গীবাদ দমনে প্রতি শুরুরবার এলাকায় মাইকিং করে জনগণকে সচেতন করার জন্য অনুরোধ করা হয়।</p> <p>শাহপারান থানার প্রতিনিধি মো: মনিরুজ্জামান, সিলেট সভায় উপস্থিত হয়ে বলেন, জঙ্গী দমনে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী সর্বদা তৎপর রয়েছে। জঙ্গীবাদ দমনে সকলকে সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ করেন।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার বলেন, জঙ্গী হামলার ঘটনা ঘটলে পরে এ বিষয়টি নিয়ে তোড়জোড় শুরু হয়। এ বিষয়টি নিয়ে জেলা সভাতে আলোচনা হয়েছে এবং জঙ্গী কার্যক্রম প্রতিরোধে ইউনিয়ন এবং ওয়ার্ড সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে সচল রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বলেন, জঙ্গী দমনে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সমাজের সকল পেশাজীবী, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দসহ সকল সম্প্রদায়ের সহযোগিতার ঐক্যবদ্ধ প্রচেষ্টা গ্রহণ করতে হবে।</p> <p>তিনি বলেন, প্রতিটি শিক্ষাজানে স্কুলের প্রাত্যহিক সমাবেশে জঙ্গীদের ঘৃণিত কাজের বিষয়ে শিক্ষার্থীকে অবহিত করা দরকার। মাঠ পর্যায়ের যে কোন প্রশিক্ষণ, উঠান বৈঠক ইত্যাদিতে বিভাগীয় প্রধানগণকে জঙ্গীবাদ ও সন্ত্রাস নাশকতা সম্পর্কে আলোচনা করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। তাছাড়া বিভিন্ন কর্মসূচির জন্য নিয়োজিত ট্যাগ অফিসারগণকে প্রতি সপ্তাহে তার দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নের ১টি মসজিদে জুম্মার নামাজ পড়ার ও মসজিদের কর্তৃপক্ষের সাথে সময়সূচীপূর্বক জঙ্গিবাদ বিষয়ে বক্তব্য প্রদানের পরামর্শ প্রদান করেন।</p> <p>তিনি বলেন, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী দিয়ে একটি দেশের সব সমস্যার সমাধান করা সম্ভব নয়। সবাইকে চোখকান খোলা রেখে সমাজের প্রতি দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি বলেন, দেখা যাচ্ছে অনেক পরিবারের উচ্চ শিক্ষিত, ভদ্র ছেলেরা জঙ্গী কার্যক্রমে জড়িয়ে যাচ্ছে। এটা প্রতিরোধে পারিবারিক বন্ধন দৃঢ় করতে হবে, পরিবারের সন্তানদের চলাচলে ও তাদের কাজের খোজখবর রাখতে হবে, সন্তানদের সাথে অভিভাবকদের নিবিড় সম্পর্ক গড়ে তোলতে হবে।</p>	<p>১। জঙ্গী কার্যক্রম প্রতিরোধে ইউনিয়ন এবং ওয়ার্ড সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আহ্বান করে জনগণকে সচেতন করে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। কমিউনিটি পুলিশিং কার্যক্রম সচল ও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। প্রতি শুরুরবার জুম্মার নামাজে জঙ্গী কার্যক্রমের বিরুদ্ধে মসজিদের ইমামগণ যাতে বক্তব্য প্রদান করে জনগণকে এ বিষয়ে সচেতন করেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ ইউপি চেয়ারম্যানগণ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৪। এলাকায় কোন অপরিচিত লোকজন দেখলে ও গতিবিধি সন্দেহজনক হলে সে সম্পর্কে সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫। এলাকার কোন ব্যক্তি তার পরিবার থেকে নির্দিষ্ট সময় ধরে নিখোঁজ থাকলে তার সম্পর্কে তথ্য সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৬। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রাত্যহিক সমাবেশে জঙ্গীবাদের বিষয়ে শিক্ষার্থীগণকে সচেতন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।</p> <p>৭। মাঠ পর্যায়ের প্রশিক্ষণ, উঠান বৈঠক ইত্যাদিতে বিভাগীয় প্রধানগণ জঙ্গীবাদ ও সন্ত্রাস নাশকতা সম্পর্কে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>চেয়ারম্যান, সকল ইউপি, সিলেট সদর, সিলেট</p> <p>সকল ওসি এবং সকল ইউপি চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট</p> <p>চেয়ারম্যান, সকল ইউপি, সিলেট সদর, সিলেট</p> <p>চেয়ারম্যান, সকল ইউপি, সিলেট সদর, সিলেট</p> <p>চেয়ারম্যান, সকল ইউপি, সিলেট সদর, সিলেট</p> <p>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট</p> <p>সকল বিভাগীয় প্রধান</p>

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও


সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
সিলেট সদর, সিলেট।

০৫.৪৬.৯১৬২.০০০.১২.০০১.২২. ২০৬৪

তারিখ ৬২/০৭/২০২৩ ইং।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
- ২। জেলা প্রশাসক, সিলেট।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চৌহাট্টা, সিলেট।
- ৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
- ৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
- ৭। অফিসার ইনচার্জ, জালালাবাদ থানা/শাহপাড়া(রহ:) থানা/এয়ারপোর্ট থানা, এসএমপি, সিলেট।
- ৮। উপজেলা..... অফিসার, (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
- ৯। চেয়ারম্যান,..... ইউপি(সকল), সিলেট সদর, সিলেট।
- ১০। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক,..... সিলেট সদর, সিলেট।
- ১১। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, সিলেট সদর, সিলেট।
- ১২। জনাব/বেগম..... সিলেট সদর, সিলেট।


উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।